গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১
www.mohpw.gov.bd

বিষয় : মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

তারিখঃ ১৪ নভেম্বর ২০১৯

সময়ঃ সকাল ১১.০০টা

স্থানঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-২০৪, ভবন নং-৫)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-১ এ দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রেক্ষাপট বর্ণনায় তিনি বলেন যে, মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে ১৪ অক্টোবর ২০১৯ তারিখ সচিব, স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার সমন্বিত ও সময়াবদ্ধ বিস্তারিত কর্মপরিকল্পনা ৭ দিনের মধ্যে প্রণয়ন করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে; | সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। |
| ২। | প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থার প্রধানগণ স্বীয় কার্যালয়সহ তাঁদের সকল পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে সভা করে নিজ নিজ দপ্তর প্রাঙ্গন পরিষ্কার-পরিচ্ছন্ন করার নির্দেশনা প্রদান করবেন এবং সার্বিক পরিচ্ছন্নতা নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন; | সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। |
| ৩। | 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের সফল বাস্তবায়নের জন্য প্রতি মন্ত্রণালয়/ বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থার পক্ষ হতে একজন উর্ধ্বতন কর্মকর্তাকে ফোকাল পার্সন হিসেবে নির্বাচিত করতে হবে এবং স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে। | সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। |

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত আজকের এ সভা আয়োজন করা হয়েছে। তিনি "পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় উপস্থিত সকলকে তাদের মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

এ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব বাজেট অধিশাখা বলেন যে, অফিসের নথি পত্র গুছিয়ে রাখা, অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করা, অফিসের বরান্দা এবং আঙ্গিনা পরিস্কার রাখা এবং টয়লেট সমূহ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন যে, ঢাকাসহ নারায়নগঞ্জ এবং গাজীপুরের কিছু অংশ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত। সে হিসেবে শহরের জঞ্জাল পরিস্কার করা, রাস্তা ঘাটসহ পুরো শহরকে পরিচ্ছন্ন রাখা রাজউকের দায়িত্ব। কেরানীগঞ্জ এলাকায় কৃষিভিত্তিক গ্রাম গড়ে তোলা হবে। এখানে ৩০% এলাকা কৃষির জন্য সংরক্ষিত থাকবে।

সরকারি আবাসন পরিদপ্তরের পরিচালক বলেন যে, সকল অফিসের আঙ্গিনা পরিস্কার রাখাসহ আবাসন পরিদপ্তরের আওতাধীন বাসাগুলোর আঙ্গিনা পরিস্কার করা যেতে পরে।

এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মনিটরিং) বলেন যে, মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত একটি কমিটি গঠন করা যেতে পারে। দপ্তর/সংস্থা তাদের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন যে, রুপনগরে বস্তি হিসেবে ব্যবহৃত ৩০ একর জায়গা পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান ১৫-১১-২০১৯ তারিখ থেকে শুরু করা হবে। সেখানে বস্তিবাসিদের জন্য প্রকল্প গ্রহণের জরিপ কাজও শুরু হয়েছে।

স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতি বলেন যে, অফিস এবং বাসাবাড়ির বহিরাঙ্গন, ভিতরের অংশ, ছাদ এবং বিল্ডিং এ জন্ম নেয়া আগাছাসমূহ নিয়মিত পরিষ্কার করা যেতে পারে।

এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন-২) বলেন যে, গণপূর্ত অধিদপ্তরের পরিত্যক্ত জমিতে গার্ডেন সিটি মুভমেন্ট কর্মসূচী নেয়া যেতে পারে।

গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী বলেন যে, প্রতিটি সরকারি বিল্ডিং এর বাহিরের অংশ রং করতে হবে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় তাদের অফিস, আঙ্গিনা, করিডোর ও টয়লেট সমূহ পরিস্কার রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২. সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন বাসাসমূহের ড্রেন এবং আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৩. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা আগামী ২০-১১-২০১৯ তারিখের মধ্যে তাদের স্ব-স্ব কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে।

৪. সকল দপ্তর/সংস্থা একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন পূর্বক আগামী ২০-১১-২০১৯ তারিখে মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত নিম্নরুপভাবে কমিটি গঠন করা হয়ঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | জনাব উম্মে সালমা তানজিয়া<br>যুগ্মসচিব (প্রশাসন) | আহবায়ক |
| ২. | জনাব নায়লা আহমেদ<br>উপসচিব (প্রশাসন অধিশাখা-১৭) | সদস্য |
| ৩. | জনাব মোঃ মোতাহার হোসেন<br>উপসচিব (প্রশাসন অধিশাখা-২) | সদস্য |
| ৪. | জনাব মোঃ মাহমুদুর রহমান হাবিব<br>উপসচিব (উন্নয়ন অধিশাখা-৯) | সদস্য |
| ৫. | জনাব মোঃ জিল্লুর রহমান<br>উপসচিব (মনিটরিং অধিশাখা-১০) | সদস্য |
| ৬. | জনাব মোঃ নজরুল ইসলাম<br>সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা শাখা-২) | সদস্য |
| ৭. | জনাব মোঃ মোস্তফা কামাল<br>নির্বাহী প্রকৌশলী, ইডেন গণপূর্ত বিভাগ | সদস্য |
| ৮. | জনাব মোঃ ছিদ্দিকুর রহমান<br>উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) | সদস্য সচিব |

উপরোক্ত কমিটি ২০-১১-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন করে দাখিল করবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ-২০/১১/২০১৯
(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
সভাপতি

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

-২৭-

অতি জরুরী

তঃ প্রকৌঃ (সংস্থাপন)

2 4 NOV 2019

স্মারক নং- ২৫.০০.০০০০.০১৩.৯৯.০০৯.১৯-১১৭৯

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

2 5 NOV 2019

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর

বিতরণঃ (জৈষ্ঠতা ক্রমানুসারে নয়)

০১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০২. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
০৪. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
০৫. অতিরিক্ত সচিব (প্রশাসন)/(প্রশাসন-২ অনুবিভাগ)/(উন্নয়ন-১)/(উন্নয়ন-২)/(অডিট)/(মনিটরিং) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. বিজ্ঞ আইন উপদেষ্টা (যুগ্মসচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. যুগ্মসচিব, বাজেট অধিশাখা/প্রশাসন ব্রাঞ্চ/প্রশাসন-২ অধিশাখা/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
১০. মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনষ্টিটিউট, দারুস সালাম মিরপুর, ঢাক।
১১. উপসচিব, প্রশাসন শাখা- ২/৩/৫/৬/১৭/ উন্নয়ন-৭/৯/১৫/ মনিটরিং শাখা-১০/১১/আইন কর্মকর্তা-২/১ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. পরিচালক, অভ্যন্তরীন নিরীক্ষা পরিদপ্তর/নগর উন্নয়ন অধিদপ্তর , ঢাকা।

২১/১১/১৯

(মোসাঃ সুরাইয়া বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯৩০
mohpwsection1@gmail.com

নং ৭৮৪ /পি এ/প্রঃ প্রঃ/ ৫৪৪৬ তাং 2 4 NOV 2019

☐ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
☐ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
☐ সভায় যোগদান করুন এবং কার্য বিবরনী অবহিত করুন।
☐ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
☐ তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দিন।
☐ পরীক্ষা করে পেশ করুন।
☐ নথিতে পেশ করুন।

প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

| নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। | | | |
|---|---|---|---|
| ডাইরী নং- ২৬৭ | | তারিখ ঃ- ১/১২/১৯ গ্রহণকারী ঃ- | |
| অঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-১

স্মারক নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১৫.২৩.১০৩.১৯-২১৬৭ (১৬)

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪২৬
২৭ নভেম্বর ২০১৯

অত্র দপ্তরের ২০/১১/২০১৯ তারিখের ২১৩৫ নম্বর স্মারকের ধারাবাহিকতায় মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে ১৪/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর।
৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। পত্রটি গণপূর্ত অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

27.11.2019
(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬০৯৯৯
se_est@pwd.gov.bd